



মানুষের জীবনমানের উন্নয়নই প্রকৃত উন্নয়ন: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

উন্নয়নের সাফল্য শুধু অবকাঠামো নির্মাণে নয়, বরং মানুষের জীবনযাত্রার মানোন্নয়নের মধ্যেই নিহিত বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শুক্রবার (৩ জুলাই) সকালে ঠাকুরগাঁওয়ে একটি সৌরচালিত সেচ পাম্প উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, সরকার সড়ক, ধর্মীয় প্রতিষ্ঠানসহ বিভিন্ন অবকাঠামো নির্মাণে কাজ করছে। তবে উন্নয়নের প্রকৃত সুফল তখনই পাওয়া যাবে, যখন সাধারণ মানুষের আর্থিক ও সামাজিক অবস্থার ইতিবাচক পরিবর্তন ঘটবে।

তরুণদের উদ্দেশ্যে তিনি বলেন, খেলাধুলার সমর্থন নিয়ে অতিরিক্ত আবেগে সময় নষ্ট না করে নতুন উদ্ভাবন, উদ্যোক্তা হওয়া এবং কর্মসংস্থান তৈরির দিকে মনোযোগ দেওয়া প্রয়োজন। তিনি আরও বলেন, কৃষি খাতকে এগিয়ে নিতে ব্যাংকগুলোকে কৃষকদের জন্য সহজ শর্তে ঋণপ্রাপ্তি নিশ্চিত করতে হবে।